

সারাদেশ

কুষ্টিয়ায় তালিমুল কোরআন মাহফিলে হামলা ও নারীদের লাঞ্ছিতের অভিযোগ

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি ভিডিও থেকে

কুষ্টিয়ার মিরপুরে একটি তালিমুল কোরআন মাহফিলে হামলা, নারীদের লাঞ্ছিত ও অশালীন আচরণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় স্থানীয় বিএনপি নেতা রাজ্জাক মাস্টারসহ কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে মিরপুর উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন বহলবাড়িয়া ইউনিয়ন জামায়াতের মহিলা বিভাগের সভানেত্রী। এ সময় সংগঠনটির বহলবাড়িয়া ইউনিয়ন শাখার মহিলা বিভাগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি বলেন, জামায়াতে ইসলামী কেন্দ্র ঘোষিত মাসব্যাপী মহিলাদের গণসংযোগ ও দাওয়াতি কর্মসূচির অংশ হিসেবে সোমবার (১০ আগস্ট) বিকেলে বহলবাড়িয়া ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের খাঁড়ারা নতুনপাড়া গ্রামে মো. সোহেলের বাড়িতে

তালিমুল কোরআন মাহফিলের আয়োজন করা হয়।

লিখিত বক্তব্যে অভিযোগ করা হয়, মাহফিলের শেষের দিকে স্থানীয় বিএনপি নেতা রাজ্জাক মাস্টারের নেতৃত্বে মো. এলেম, মোহাম্মদ ফারুক, রুবেলসহ আরও ৪-৫ জন ব্যক্তি বাড়ির প্রাচীর উপকে মাহফিলে প্রবেশ করেন। এ সময় তারা সেখানে উপস্থিত নারীদের সঙ্গে অশালীন আচরণ ও শারীরিকভাবে লাঞ্চিত করেন বলে অভিযোগ করা হয়।


জামায়াত নেত্রীর দাবি, রাজ্জাক মাস্টার সেখানে উপস্থিত নারীদের উদ্দেশে অশালীন ভাষায় গালিগালাজ করেন এবং তার নির্দেশে অন্যরা কয়েকজন নারীর চুল ধরে টানাটানি ও পোশাক-বোরখা টেনে লাঞ্চিত করেন।

সংবাদ সম্মেলনে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে জড়িতদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানানো হয়। একই সঙ্গে ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ও দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা এবং ভবিষ্যতে ধর্মীয় কর্মসূচিতে নারীদের নিরাপত্তা নিশ্চিত করতে স্থানীয় প্রশাসনের কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয়।

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
টাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট....



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোপার তজুমদ্দিনে ডুয়া মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ....



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের
প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাদারেস সন্মেলন ও দেয়া
অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...